দৈনিক বাংলা

তারিখ ... 14 JUL 1997 ...
পৃষ্ঠা ৭ কলাম ৫ ......

৫৬

ডিগ্রী পরীক্ষা

# ৫৭টি কলেজে কেউ পাস করেনি

**বার্তা সংস্থা পিপ ঃ** পাবনা।–১৯৯৬ সালের ডিগ্রী পরীক্ষায় পাবনাসহ দেশের ৩৫টি কলেজ থেকে কেউ বিএসসি ও ২২টি কলেজ থেকে কেউ বিএ পাস করতে পারেনি। জাতীয় বিশ্ববিদ্যালয় সূত্রে জানা যায়, বিএসসি পাস করেনি এ কলেজগুলো হচ্ছে পাবনা বাঁশেরবাদা কলেজ, নর্থ খুলনা ডিগ্রী কলেজ, কৃষ্ণ গোবিন্দপুর ডিগ্রী কলেজ, মোহনপুর ডিগ্রী কলেজ, দাওকান্দি ডিগ্রী কলেজ, মাগুরা আদর্শ কলেজ, ব্রাহ্মণবাড়িয়া সরকারী কলেজ, পয়ালগাছা ডিগ্রী কলেজ, কুমিল্লা বদিউল আলম কলেজ, ফেনী কলেজ, রাঙ্গুনিয়া কলেজ, বরিশাল সরকারী সৈয়দ হাতেম আলী কলেজ, শ্রীপুর ডিগ্রী কলেজ, নড়াইল সরকারী ভিক্টোরিয়া কলেজ, বিরামপুর ডিগ্রী কলেজ, রহনপুর ইনসুফ আলী কলেজ, ঠাকুরগাঁও ও পীরগঞ্জ সরকারী কলেজ, তাজপুর কলেজ, ঢাকা দক্ষিণ কলেজ, সুনামগঞ্জ সরকারী কলেজ, কুমিল্লা সরকারী কলেজ, সোনাইমুড়ি কলেজ, কক্সবাজার মহিলা কলেজ, রাজু কলেজ, কুমিল্লা অজিত গুহ কলেজ, বুড়রা শহীদ কলেজ, চৌয়ারা আদর্শ ডিগ্রী কলেজ, চৌমুহনী এস এ কলেজ, বেগম তফাজ্জল হোসেন মানিক মিয়া কলেজ, ছাতিরদিয়া রাজিউদ্দিন কলেজ, ময়মনসিংহ আঠারবাড়ি কলেজ, বগুড়া সরকারী মজিবর রহমান কলেজ, কুড়িগ্রাম রাজিয়াপুর কলেজ, রাজশাহী নওহাটা ডিগ্রী কলেজ ও শাহ মখদুম কলেজ।

বিএ পাস করেনি এ কলেজগুলো হচ্ছে বিশগঞ্জ মহিলা কলেজ, জয়পুরহাট সরকারী কলেজ, দিনাজপুর ঘোড়াঘাট ডিগ্রী কলেজ, দিনাজপুর আদর্শ কলেজ, দিনাজপুর সরকারী মহিলা কলেজ, কুড়িগ্রাম সরকারী কলেজ, ডালিম কলেজ, পাটগ্রাম সরকারী আঃ গনী ডিগ্রী কলেজ, পার্বতীপুর নাইট কলেজ, মোংলা কলেজ, পঞ্চগড় মহিলা কলেজ, কালিয়া শহীদ আবদুস সালাম কলেজ, মাদাবীপুর হাজী মহসিন কলেজ, ঘিওর তেরশ্রী কলেজ, সরকারী দেবেন্দ্র কলেজ, বীরশ্রেষ্ঠ আবদুর রউফ কলেজ, শরিয়তপুর পূর্ব মুগরিয়া কলেজ, চর মুগরিয়া কলেজ, শিকারপুর শেরে বাংলা ডিগ্রী কলেজ, বাবুগঞ্জ আবুল কলেজ, চট্টগাম গাছবাড়িয়া সরকারী কলেজ ও বার আওলিয়া ডিগ্রী কলেজ।